# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

০৯ মে ২০১৭

## ময়মনসিংহে মসজিদে ঢুকে মুয়াজ্জিনকে কুপিয়ে জখম

### হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর গভীর উদ্বেগ

ময়মনসিংহে আহমদিয়া সম্প্রদায়ের মসজিদের মুয়াজ্জিনকে মসজিদে ঢুকে কুপিয়ে জখম করার ঘটনায় ১৯টি মানবাধিকার ও উন্নয়ন সংস্থার জোট হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, ০৮ মে ২০১৭ রাত সাড়ে আটটার দিকে এশার নামাজের জামাতের প্রস্তুতি চলাকালীন সময়ে মুসুল্লির ছদ্মবেশে পাঁচ-ছয়জন দুর্বৃত্ত মসজিদে ঢুকে ময়মনসিংহের ঈশ্বরগঞ্জের সরিষা ইউনিয়নের খানপুর গ্রামের আহমদিয়া সম্প্রদায়ের মসজিদের মুয়াজ্জিন মোস্তাফিজুর রহমানকে কোপাতে শুরু করেন। এ সময় অন্যান্য মুসুল্লিরাও আতঙ্কিত হয়ে দৌড়াদৌড়ি শুরু করেন। পরবর্তী সময়ে মোস্তাফিজুর রহমানকে গুরুতর আহত অবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ হামলার সাথে ধর্মীয় উগ্রবাদীরা জড়িত বলে আশংকা করা হচ্ছে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ দৃঢ়তার সাথে উল্লেখ করতে চাই যে, নিজ নিজ পছন্দ অনুযায়ী ধর্মচর্চার অধিকারকে পৃথিবীর সব স্থানে সভ্য জাতির অন্যতম মৌলিক অধিকার হিসেবে বিবেচনা করা হয়। ধর্মীয় স্বাধীনতা যেমন অবিচ্ছেদ্য মানবাধিকার হিসেবে সর্বজনীন মানবাধিকারের ঘোষণাসহ বিভিন্ন আন্তর্জাতিক মানবাধিকার দলিলে স্বীকৃত হয়েছে, তেমনি আমাদের সংবিধানের ২৮ অনুচ্ছেদেও ধর্মীয় বৈষম্যহীন সমাজ ব্যবস্থার কথা বলা হয়েছে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) অবিলম্বে আহমদিয়া সম্প্রদায়ের নিরাপত্তার নিশ্চয়তা প্রদান করে তদন্তসাপেক্ষে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য সরকারের কাছে জোর দাবি জানাচ্ছে।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045
Email: ask@citechco.net web: www.askbd.org
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)